কালের কণ্ঠ

তারিখ ... 13 DEC 2017 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ...

# ঢাবি অধিভুক্ত ৭ কলেজে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সাত কলেজে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে উপাচার্য মো. আখতারুজ্জামান এই ফল প্রকাশ করেন

এ সময় সাত কলেজের সমন্বয়ক ও ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল আজিজ, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হকসহ অধিভুক্ত কলেজের অধ্যক্ষরা উপস্থিত ছিলেন। গত ১ ডিসেম্বর অধিভুক্ত কলেজগুলোর কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট, ৮ ডিসেম্বর বিজ্ঞান ইউনিট এবং ৯ ডিসেম্বর বাণিজ্য ইউনিটের ভর্তি পরীক্ষা হয়।